# ২০২২

# বাংলা

(প্রোগ্রাম)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BNG-G-CC-T-1

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ছন্দ, অলংকার ও বৈষ্ণব পদাবলী

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) 'চর্যাপদের' প্রকৃত নাম কী ছিল? চর্যাপদের মোট কতগুলি পদ আবিষ্কৃত হয়েছিল?

খ) 'শ্রীকৃষ্ণসন্দর্ভ' কাব্যটি কে রচনা করেন? 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির খণ্ড সংখ্যা কয়টি?

গ) চৈতন্য পূর্ববর্তী দু'জন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।

ঘ) 'আদিত্যবার শ্রীপঞ্চমী পূর্ণ মাঘ মাস' — কোন্ কবির জন্ম সম্পর্কে এ কথা বলা হয়েছে? তাঁর কাব্যের নাম কী ছিল?

ঙ) মহাভারতের দু'জন অনুবাদকের নাম লেখো।

চ) 'গুণরাজ খাঁ' কার উপাধি? তাঁর অনুদিত গ্রন্থের নাম কি?

[পরের পাতায়]

ছ) 'মনসামঙ্গল' কাব্যের আদি কবি কে? তাঁর রচিত কাব্যের নাম কী?

জ) 'মুকুন্দ চক্রবর্তী' কোন্ সময়ের কবি? তাঁর নিবাস কোথায় ছিল?

ঝ) 'অক্ষর' কাকে বলে? একটি উদাহরণ দাও।

ঞ) স্বরবৃত্ত ছন্দের মূল পর্ব কয় মাত্রার হয়? এই ছন্দের অপর একটি নাম বলো।

ট) 'শ্লেষ' অলঙ্কার কাকে বলে? 'শ্লেষ' অলঙ্কার কয় প্রকার ও কী কী?

ঠ) 'কাকু - বক্রোক্তি' অলঙ্কার কাকে বলে? একটি উদাহরণ দাও।

ড) "এ সখি হামারি দুখের নাহি ওর।
এ ভরা বাদর মাহ ভাদর
শূণ্য মন্দির মোর।"

—পদটি কার লেখা, কোন্ পর্যায়ের পদ? 'ভাদর' শব্দের অর্থ লেখো।

ঢ) "বিরতি আহারে রাঙা বাস পরে
যেমতি যোগিনী-পারা।।"

— পদটির রচয়িতা কে? কাকে যোগিনী-পারা বলা হয়েছে?

ণ) "অভিনব হেম কল্পতরু সঞ্চরু
সুরধুনী তীরে উজোর।।"

— পদটির রচয়িতা কে? পর্যায় উল্লেখ করে 'উজোর' শব্দের অর্থ লেখো।



২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও: ৫×৪=২০

ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের ঐতিহাসিক গুরুত্ব সংক্ষেপে আলোচনা করো।

খ) টীকা লেখো (যে-কোনো **একটি**) :
'চৈতন্যচরিতামৃত', কাশীরাম দাস।

গ) উদাহরণ সহ সংজ্ঞা লেখো (যে-কোনো **দুটি**):
ছেদ, চরণ, পদ।

ঘ) যে-কোনো **দুটি** অলঙ্কারের সংজ্ঞা ব্যাখ্যা ও উদাহরণ দাও :
অনুপ্রাস, শ্লেষ, উৎপ্রেক্ষা।

ঙ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা' — পদটির কাব্য সৌন্দর্য বিশ্লেষণ করো।

চ) 'এ সখি হামারি দুখের নাহি ওর।' — পদটির মধ্যে বেদনার যে ঐশ্বর্যময় রূপ ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।

৩। যে-কোনো **দু'টি** প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০

ক) রামায়ণের অনুবাদকরূপে কবি কৃত্তিবাসের অবদান আলোচনা করো।

খ) 'স্বরবৃত্ত' ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

গ) ভারতচন্দ্রের কবি প্রতিভার পরিচয় দাও।

ঘ) "কন্টকগাড়ী কমল-সম পদতল"—পদটির পর্যায় উল্লেখ করে কাব্যসৌন্দর্য বিচার করো।

---